

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৫৫

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/১২, নবী 🌿 _এর সাহাবীগণের জীবন-জীবিকা।

بَابِ مَعِيشَةِ أُصْحَابِ النَّبِيِّ عَيْظِيُّ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، وَأَبُو كُرَيْبٍ قَالاَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ زَائِدَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ شَقِيقٍ، عَنْ أَبِي مَسْعُودٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَأْمُرُ بِالصَّدَقَةِ فَيَنْطَلِقُ أَحَدُنَا يَتَحَامَلُ حَتَّى يَجِيءَ بِالْمُدِّ وَإِنَّ لأَحَدِهِمُ الْيَوْمَ مِائَةَ أَلْفٍ . قَالَ شَقِيقٌ كَأَنَّهُ يُعَرِّضُ بِنَفْسِهِ .

বাংলা

১/৪১৫৫। আবূ মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দান-খয়রাত করার নির্দেশ দিতেন। তাই আমাদের কেউ শ্রমিকের কাজ করতে যেতেন এবং এক মুদ্দ উপার্জন করে নিয়ে আসতেন (অতঃপর তা থেকে দান-খয়রাত করতেন)। আর আজকের দিনে তাদের কেউ কেউ লাখো দিরহামের মালিক। শাকীক (রাঃ) বলেন, তিনি উক্ত কথা দ্বারা নিজের প্রতি ইঙ্গিত করেছেন।

English

It was narrated that Abu Mas'ud said:

"The Messenger of Allah (ﷺ) used to enjoin charity, then one of us would go out and carry goods for others until he earned a Mudd, but one of them nowadays has one hundred thousand (Dinar or Dirham)." Shaqiq said: "It was as if he was hinting that this was he himself."

ফুটনোট

সহীহুল বুখারী ২২৭৩, ৪৬৬৮, ৪৬৬৯, মুসলিম ১০১৮, নাসায়ী ২৫২৯, ২৫৩০, আহমাদ ২১৮৪১। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু নাআমাহ সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ তবে মৃত্যুর পূর্বে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেছেন।



ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ তবে তার মৃত্যুর পূর্বে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করার কথা বলা হয়ে থাকে। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৪২৪, ২২/১৮০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন